# প্রস্তাবনা: Action Research on Bangla Reading

## শিরোনামঃ **প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বাংলা বিষয়ে কাঙ্খিত পড়ার দক্ষতা না হওয়ার কারণ নিরুপন ও সমস্যার সমাধান।**

## ক্ষেত্রঃ রাজবাড়ী জেলার কালুখালী উপজেলা হতে নির্বাচিত  সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ।

গবেষণায়ঃ
মুহাম্মদ রফিকুল আলম
ইন্সট্রাক্টর
উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্র
কালুখালী, রাজবাড়ী।

ও

ডাটা সংগ্রহ সহযোগিতায়-
কর্মকর্তাবৃন্দ
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস
কালুখালী, রাজবাড়ী।

সূচীপত্রঃ


| | | |
|---|---|---|
| | বিষয় | |
| | ভুমিকা | |
| | সমস্যা নিরুপন | |
| | গবেষণার গুরুত্ব ও যৌক্তিকতা | |
| | গবেষণার লক্ষ্য | |
| | গবেষণার উদ্দেশ্য | |
| | Research Design | |
| | Sampling Method | |
| | গবেষণার পদ্ধুতি | |
| | গবেষণায় ব্যবহৃত উপকরণ | |
| | উপাত্ত সংগ্রহ | |
| | উপাত্ত বিশ্লেষণ | |
| | গবেষণার সীমাবদ্ধতা | |
| | প্রথম ও দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থীদের শ্রেনিতে বাংলা পঠন দক্ষতা নিরুপন | |
| | প্রাক প্রাথমিক শিক্ষকের শিক্ষাদান কার্যক্রম নিরুপন | |
| | অভিভাবকগনের সাথে সাক্ষাৎ | |
| | গবেষনার তথ্য উপস্থাপন ও বিশ্লেষণ | |
| | গবেষণার ফলাফল | |
| | গবেষণার সুপারিশ | |
| | উপসংহার | |
| | তথ্য সংগ্রহের ছক | |

# কৃতজ্ঞতা

পরম করুনাময় অসীম দয়ালু আল্লাহর নিকট সর্বপ্রথম কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা মহোদয়ের গঠণমূলক নির্দেশনা ও সুপারিনটেনডেন্ট, প্রাইমারি টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট, রাজবাড়ী মহোদয়ের উৎসাহ-তাগিদ এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহোদয়ের সার্বিক সহযোগিতা ও তত্বাবধানের মাধ্যমে এ কাজে অগ্রসর হবো বলে আশাবাদি।

Educational Research- এ শিক্ষাবান্ধব ও শিক্ষানুরাগী উপজেলা নির্বাহী অফিসার জনাব মহুয়া আফরোজ স্যারের সার্বিক দিক নির্দেশণা ও সহযোগিতা পাব বলে আশাবাদী। তিনি ইতোমধ্যে শিক্ষার্থীদের পঠণ বিষয়ে আগ্রহীকরনে বিভিন্ন কার্যক্রম সম্পন্ন ও পুরষ্কার প্রদানও করেছেন।

অত্র উপজেলার প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার, নির্বাচিত বিদ্যালয়সমুহের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণের সার্বিক সহযোগিতা পাব বলে বিশ্বাস করি।

০১। ভুমিকাঃ

যোগাযোগের অন্যতম মাধ্যম হচ্ছে ভাষা। এ ক্ষেত্রে মাতৃভাষা অন্যতম ভুমিকা পালন করে। যে কোন ভাষার ক্ষেত্রে ভাষার চারটি দক্ষতা যথা- শোনা, বলা, পড়া ও লেখা অতীব জরুরী। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মাঝে পড়ার দক্ষতা অত্যন্ত কম বলে প্রতীয়মান। ফলস্বরুপ শিক্ষার্থীরা অন্যান্য বিষয়ে শিক্ষালাভের ক্ষেত্রে ভীতিকর অবস্থানে থাকে এবং বোধগম্যতা থেকে বঞ্চিত হয়ে থাকে- বিদ্যালয় একটি ভীতিকর প্রতিষ্ঠান হিসেবে তার নিকট প্রতীয়মান হয়। বিদ্যালয়ে আনন্দঘন পরিবেশে পাঠদানের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয় হতে বিভিন্ন পদক্ষেপ নেয়া হলেও কাঙ্খিত ফলাফল অর্জন হচ্ছে না। শিক্ষকগণ যথানিয়মে আন্তরিকভাবে পাঠদান করছেন শিক্ষার্থীরা নিয়মিত বিদ্যালয়ে আসছে এবং শ্রেণি বৈতরণি পাড় হয়ে যাচ্ছে অথচ বেশিরভাগ শিক্ষার্থী পড়ার ক্ষেত্রে পিছিয়ে যাচ্ছে। কেন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পঠন দক্ষতা সঠিকভাবে হচ্ছেনা- কোথায় আমাদের ব্যবস্থাপনায় ঘাটতি রয়েছে এবং কীভাবে পঠন দক্ষতা আনয়ন করা যায় তার উপায় চিহ্নিত করার জন্য এ গবেষণা।

০২। সমস্যা চিহ্নিতকরণঃ

রাজবাড়ী জেলা হতে ১৮ কি.মি পশ্চিমে কালুখালী উপজেলার অবস্থান। মূলতঃ পদ্মা নদী বিধোত এ জনপদ শিক্ষায় অনগ্রসর। সরকারী ৭৬টি প্রাথমিক বিদ্রালয় রয়েছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ও উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে শিক্ষকগণদের একাডেমিক প্রশিক্ষণ প্রদান ও পরবর্তীতে ফলোআপ করা হয়ে থাকে। এরপরও কেন পঠন ঘাটতি বিদ্যমান সে বিষয়টি নিয়ে গবেষণার প্রয়োজন আছে বলে মনে করা যেতে পারে।

০৩। গুরুত্ব ও যৌক্তিকতাঃ

ক. সরকারি প্রাথমিক বিদ্যালয়ই অত্র এলাকার বৃহৎ জনগোষ্ঠীর সন্তানগণ পগাশোনা করে থাকে।
খ. সরকারিভাবে নিয়োগপ্রাপ্ত ও প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ পাঠদান কার্যক্রম করেন।
গ. নিয়মিত শিক্ষকগণের কার্যাবলী মনিটরিং হয়ে থাকে।
ঘ. পঠণে পিছিয়ে থাকা শিক্ষার্থীদের মান উন্নয়নের উপায় চিহ্নিত করা যাবে।
ঙ. পাঠদাণে ভবিষ্যৎ পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন করা যাবে।

০৪। গবেষণার লক্ষ্যঃ

কালুখালী উপজেলার শিক্ষার্থীদের পঠণ দক্ষতা উন্নয়ন করা।

৫। গবেষণার উদ্দেশ্যঃ

ক. প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন করা
খ. বিদ্যালয়ের পাঠদান পদ্ধুতির অসুবিধাগুলো চিহ্নিত করা
গ. শিক্ষার্থীদের নিরাময়মূলক ব্যবস্থা প্রহণ।

## ৬। Research Design:

Sampling Method

Research methodology

Research tools

Data Collection

Data analysis.

### ৬.১ Sampling Method:

Random পদ্ধতির সাহায্যে তথ্যদাতা নির্বাচন করা হবে। এ ক্ষেত্রে ১০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রাক প্রাথমিক, ১ম ও ২য় শ্রেণির শিক্ষার্থীদের পাঠদান পর্যবেক্ষণ করা হবে, এবং সংশ্লিষ্ট শিক্ষক ও অভিভাকগণের মতামত নেয়া হবে।

### ৬.২ গবেষণা পদ্ধতি (Research methodology):

এটি তথ্য সংগ্রহ (Data Collection) সিস্টেমেটিক পদ্ধতি ব্যবহার করে সাক্ষাৎকার ও আনুষ্ঠানিক আলোচনার মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে।

### ৬.৩ গবেষণায় ব্যবহৃত উপকরণ(Research tools):

নির্দিষ্ট প্রশ্নমালার [যাতে মুক্ত(Open ended) ও বন্ধ(Close ended) প্রশ্ন আছে)] মাধ্যমে তথ্য সঙ্গ্রহ করা হবে।

### ৬.৪ উপাত্ত সংগ্রহ((Data collection):

নির্দিষ্ট প্রশ্নমালার মাধ্যমে বিভিন্ন সময়ে আলাদাভাবে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণের কাছ থেকে তথ্য সঙ্গ্রহ করা হবে।

### ৬.৫ উপাত্ত বিশ্লেষণ(Data analysis):

প্রশ্নমালার প্রতিটি প্রশ্নের বিপরীতে প্রদত্ত সমজাতীয় উত্তরগুলো এক একটি বিশ্লেষণ ও একত্র করে  সংখ্যার মাধ্যমে বোঝানো হবে।

৬.৬ সীমাবদ্ধতা: গবেষণাটি শুধুমাত্র সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রিক হওয়ায় উপজেলার অন্য কোন প্রতিষ্ঠান/শিক্ষার্থী/অভিভাবকের মতামত নেয়া সম্ভব নয়।

## ৬.৩ গবেষণায় ব্যবহৃত উপকরণ (Research tools) :

নির্দিষ্ট প্রশ্নমালার [মুক্ত (open ended) ও বন্ধ(Close ended) প্রশ্ন আছে] মাধ্যমে তথ্য সঙগ্রহ করা হবে।

## ৬.৪ উপাত্ত সংগ্রহ (Data Collection) :

নির্দিষ্ট প্রশ্নমালার মাধ্যমে বিভিন্ন সময়ে আলাদাভাবে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকের কাছ থেকে তথ্য সংগ্রহ করা হবে।

## ৬.৫ উপাত্ত বিশ্লেষণ (Data analysis) :

প্রশ্নমালার প্রতিটি প্রশ্নের বিপরীতে প্রদত্ত সমজাতীয় উত্তরগুলির এক একটি করে বিশ্লেষণ ও একত্র করে সংখ্যার মাধ্যমে প্রকাশ করা হবে।

## ৬.৬ গবেষণার সীমাবদ্ধতা :

গবেষণাটি কালুখালী উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রিক হওয়ায় উপজেলার অন্যান্য প্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাকগনের মতামত নেয়া হবেনা।